জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

স্মরক নং-জঃপৌঃস/প্রকৌঃ/২০১৯-২০২০/ ১৪৮ তারিখ ঃ ০৩/০৯/২০১৯

## সভার নোটিশ

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার নারী ও শিশু বিষয়ক কমিটির সম্মানিত সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত আলোচ্য সূচীতে আগামী ১২/০৯/২০১৯ তারিখ রোজঃ বৃহস্পতিবার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে নারী ও শিশু বিষয়ক কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। নারী কম্পিউটার প্রশিক্ষণ শুরু করন প্রসঙ্গে।
৩। স্যানিটেশন মাস উপলক্ষ্যে পৌরসভার গৃহীত কর্মসূচীতে নারীদের অংশগ্রহণ নিশ্চিত করণ প্রসঙ্গে।
৪। বিবিধ।

(মোছাঃ ফেন্সী আরা)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত আসন)
জয়পুরহাট পৌরসভা।

প্রাপক ঃ

.......................................................

.......................................................

জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

নারী ও শিশু বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাবা ফেন্সী আরা, কাউন্সিলর (সংরক্ষিত-৩), জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌর মিলনায়তন
তারিখ ঃ ১২/০৯/২০১৯ ইং
রোজ ঃ বৃহস্পতিবার।
সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০২ | মোছাঃ রোজী বেগম | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | মোছাঃ শাম্মীম আজিজ | কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃপৌঃসঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ সাহেদুল আহ্সান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | মোছাঃ ফেন্সীআরা | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃপৌঃসঃ | সভাপতি | স্বাক্ষরিত |

মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা। অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালন করেন।

অদ্যকার সভায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

**১নং আলোচ্য বিষয় ঃ গত সভার রেজুলেশন পঠন ও অনুমোদন প্রসঙ্গে।**

**সিদ্ধান্ত ঃ** সভায় উপস্থিত সকলের অবগতির জন্য গত সভার রেজুলেশন পাঠ করেন অত্র কমিটির সাচিবিক দায়িত্বে নিয়োজিত জনাব মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা, বিভিন্ন বিষয় পর্যালোচনা অন্তে কোন রূপ সংশোধনী ছাড়াই তাহা সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।

**২নং আলোচ্য বিষয় ঃ নারী কম্পিউটার প্রশিক্ষণ শুরু করন প্রসঙ্গে।**

আলোচনা ঃ সভাপতি মহোদয় আলোচ্য বিষয়ে আলোচনা কালে বলেন, বর্তমান পৌর পরিষদ ক্ষমতা গ্রহনের অল্প সময়ের মধ্যে শহরের নারীদের আধুনিক ডিজিটাল যুগের উপযোগী করে গড়ে তুলার লক্ষ্যে পৌর অফিস কার্যালয়ে একটি স্থায়ী কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হয়। সে প্রশিক্ষণ কেন্দ্র থেকে ইতিমধ্যে ১০০ এর অধিক নারীকে কম্পিউটার এর বেসিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। কিন্তু বেশ কিছুদিন যাবৎ প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ রয়েছে। প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ হওয়ার বিষয়ে আপনারা অবগত আছেন, যে প্রশিক্ষণ কক্ষ সংস্কার কাজের জন্য এতদিন বন্ধ ছিল। প্রশিক্ষণ কক্ষ এর সংস্কার কাজ সম্পন্ন হয়েছে। তাই পুনরায় নারীদের কম্পিউটার প্রশিক্ষণ শুরু করা যেতে পারে। বিষয়টি নিয়ে সদস্যদের মাঝে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ
(ক) কম্পিউটার প্রশিক্ষণ জন্য পৌর এলাকার মধ্যে থেকে প্রশিক্ষণার্থীদের আবেদন গ্রহন করা।
(খ) প্রশিক্ষণার্থী বাছাইয়ে এ কমিটির সুপারিশ গ্রহন করা।
(গ) প্রশিক্ষণার্থী বাছাই করে তাদের তালিকা এ কমিটি হতে অনুমোদন করে নেওয়া।
(ঘ) প্রশিক্ষনের সময়, মেয়াদ ও প্রশিক্ষকের নাম নির্ধারন করে প্রশিক্ষণার্থীদের জানানো।

**৩ নং আলোচ্য সূচী। স্যানিটেশন মাস উপলক্ষ্যে পৌরসভার গৃহীত কর্মসূচীতে নারীদের অংশগ্রহণ নিশ্চিত করণ প্রসঙ্গে ঃ-**

**আলোচনাঃ**-সভাপতি মহোদয় আলোচনা কালে বলেন দেশব্যাপী অক্টোবর/২০১৯ মাসকে স্যানিটেশন মাস হিসাবে উৎযাপন করা হচ্ছে। স্যানিটেশন মাসের উদ্দেশ্য হলো পরিস্কার পরিচ্ছন্ন ও সুন্দর রোগমুক্ত জীবন অর্থাৎ উন্নত স্যানিটেশন ব্যবস্থা জীবন মান উন্নত করে। স্যানিটেশন মাসের উদ্দেশ্য সফলভাবে বাস্তবায়নের জন্য অবশ্যই সমাজের নারীদের সচেতনতা বৃদ্ধি করতে হবে। কেননা খাওয়ার আগে ও পরে হাত ধোয়া, বাড়ীর আশপাশ পরিস্কার রাখা, খাবার ভালভাবে ঢেকে রাখা প্রভৃতি পরিচ্ছন্নতা কাজে নারীরা অগ্রগণ্য ভূমিকা রাখে। তাই স্যানিটেশন মাস উপলক্ষ্যে পৌরসভার কর্তৃক গৃহীত কর্মসূচীতে বিভিন্ন শ্রেণীর/পেশার নারীদের অংশগ্রহণ নিশ্চিত করানো হলে তারা স্যানিটেশন ব্যবস্থা সম্পর্কে আরো সচেতন হবেন এবং পরিচ্ছন্ন পরিবার ও সমাজ গড়তে সহায়ক ভূমিকা পালন করবেন। বিষয়টি নিয়ে সভ্যগণের মাঝে বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্তঃ**- স্যানিটেশন মাস উপলক্ষ্যে পৌরসভা কর্তৃক গৃহীত কর্মসূচীতে সমাজের বিভিন্ন শ্রেণীর/পেশার নারীদের অংশগ্রহণ নিশ্চিত করণে অত্র কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোছাঃ ফেন্সী আরা)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং- জঃপৌঃসঃ/প্রঃকৌঃ/ ২০১৮-২০১৯/ ৯৬৮ তারিখ ঃ ২১/০৯/২০১৯ ইং

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ**

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।
২। জনাব/জনাবা ........................................................................ সদস্য, নারী ও শিশু বিষয়ক কমিটি ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত/সাধারণ আসন, জয়পুরহাট পৌরসভা।
৩। অফিস নথি।

(মোছাঃ ফেন্সী আরা)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

### নারী ও শিশু বিষয়ক কমিটি সভার উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

সভাপতি ঃ জনাবা ফেন্সী আরা, কাউন্সিলর (সংরক্ষিত-৩), জয়পুরহাট পৌরসভা।

সভার স্থান ঃ পৌর মিলনায়তন।

তারিখ ঃ ১২/০৯/২০১৯ ইং।

রোজ ঃ বৃহঃবার।

সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০২ | মোছাঃ রোজী বেগম | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | (স্বাক্ষর) |
| ০৩ | মোছাঃ শাম্মীম আজিজ | কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃপৌঃসঃ | সদস্য | (স্বাক্ষর) |
| ০৪ | মোঃ সাহেদুল আহ্সান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | (স্বাক্ষর) |
| ০৫ | মোছাঃ ফেন্সীআরা | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃপৌঃসঃ | সভাপতি | (স্বাক্ষর) |
| ০৬ | মোঃ সেলিমুর রহমান বাবুল | প্যানেল মেয়র-০১ ও কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-৪, জয়পুরহাট পৌরসভা | মেয়র কর্তৃক মনোনীত | (স্বাক্ষর) |